

মোফাজ্জল ভুঁইয়া সভাপতি ও ড. আনিচুল আফছার সাধারণ সম্পাদক

অট্টেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের নতুন কার্যকরী পরিষদ গঠিত

আতিকুর রহমান || গত ২৫ শে জুলাই সিডনীর ম্যাকুয়্যারী ফিল্ড কমিউনিটি হলে অট্টেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সংগঠনটির প্রথম পূর্ণাঙ্গ কার্যকরি পরিষদ গঠিত হয় ২০০৮ সালের এপ্রিলে। বার্ষিক সাধারণ সভার প্রথম পর্বে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ড. মোশারফ চৌধুরী। পরিচালনা করেন সাধারণ সম্পাদক ড. আনিচুল আফছার। কোষাক্ষ্য ড. আবুল কাশেম আর্থিক রিপোর্ট পেশ করেন। তিনি জানান, বিগত বৎসরগুলিতে সংগঠনের বিভিন্ন কার্যক্রম থেকে সংগৃহীত অর্থ মসজিদ প্রকল্পে প্রদান করা হয়েছে। সাধারণ সম্পাদক ড: আনিচুল আফছার বার্ষিক রিপোর্টে বিগত বৎসরের পালিত বিভিন্ন কর্মসূচী উপস্থিতি সদস্যদের নিকট ব্যাখ্যা করেন। অল্প সময়ে বিভিন্ন ইসলামিক কর্মসূচী পালনে সহায়তার জন্য সকলকে ধন্যবাদ এবং ভবিষ্যতে আরও সহযোগিতা কামনা করেন। তিনি জানান, বর্তমানে (জুলাই) সংগঠনের আর্থিক সদস্য সংখ্যা হল ৩৪৮ জন, এর মধ্যে লাইফ মেম্বার হচ্ছে ৯৩ জন। ১,০০০ ডলারের মাধ্যমে আজাবীন সদস্য হওয়া যায়। সম্প্রতি অট্টেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার ১৩-১৭ ইগেলভিও রোড মিন্টোতে (ইগেলবার্ন এর শেষ প্রান্তে) ৫ একর বিশিষ্ট জায়গা ৭,৩৫,০০০ ডলারের মাধ্যমে ক্রয় করেছে। ইতিমধ্যেই ১০% ডিপোজিট প্রদান করা হয়েছে। বাকী ৯০% অর্থ এ বৎসরের নভেম্বরের মধ্যে পরিশোধ করতে হবে। ইসলামিক সেন্টার কমপ্লেক্স এ একটি মসজিদ, একটি মাল্টি পারপোস হল, ইসলামিক এডুকেশন সেন্টার, মহিলাদের জন্য একটিভিটি সেন্টার, অত্যাধুনিক ইসলামিক লাইব্রেরী এবং এর সাথে কম্পিউটার রিসোর্স সেন্টার, আল কুরআন শিক্ষার স্থান, ফিউনারেল সার্ভিসেস, স্পোর্টস সেন্টার, জিমনেসিয়াম, কার পার্ক ও গার্ডেন ইত্যাদি থাকবে। কমিউনিটির সকল সদস্যদের কমপ্লেক্স এ আর্থিক সহযোগিতার আহ্বান করেন। সভাপতি ড. মোশারফ চৌধুরী বিগত বছরে সংগঠনের কার্যক্রম সুষ্ঠুভাবে পালনের জন্য কার্যকরি পরিষদ ও কমিউনিটির সদস্যদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। উল্লেখ্য, সম্প্রতি সংগঠনের প্রাক্তন সভাপতি ড. আবু ওমর ফারুক আহমদ আরব আমিরাতের দুবাইস্থ Hamdan Bin Mohammed e-University তে Assistant Professor, Islamic Finance e-School of Business and Quality Management

শিক্ষকতার চাকুরি নিয়ে চলে গেলে ড. মোশারফ চৌধুরী সভাপতির দায়িত্বার গ্রহণ করেন। পরে সভাপতি ড. মোশারফ চৌধুরী ২০০৮-২০১০ ইং সালের কার্যকরি পরিষদ বিলুপ্ত ঘোষনা করেন এবং রিটানিং অফিসার জনাব মোতাহার হোসেন ও সহকারী রিটানিং অফিসার জনাব ইকবাল করিমকে নির্বাচন পরিচালনা করার দায়িত্ব প্রদান করেন। নির্বাচন কমিশনের কর্তৃপক্ষদ্বয় ২০১০-২০১২ সালের নির্বাচিত কার্যকরি পরিষদের নাম ঘোষনা করেন। নির্বাচিত কমিটি হল: সভাপতি-মোফাজ্জল ভুঁইয়া, সহ সভাপতি-মো: আলাউদ্দিন, শাহ আলম সৈয়দ, সাধারণ সম্পাদক-ড. আনিচুল আফছার, যুগ্ম সম্পাদক-মো: আলী ইউসুফ, আখতার হোসেন সৈয়দ, কোষাক্ষ্য-ড. আবুল কাশেম, প্রচার সম্পাদক-আতিকুর রহমান, যুব সম্পাদক-হোসেন আরজু, সদস্য-ড. মোশারফ চৌধুরী, ডা: মো. ইলিয়াস, ডা: তোজাম্মেল হোসেইন, হুমায়ুন কবির, আবদুল জলিল, মো. গোলাম জিলানী।

আর্থিক সদস্য সংখ্যার ভিত্তিতে সিডনীর অন্যতম বৃহত্তম সংগঠন অঞ্চলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার আত্মপ্রকাশ করার পর থেকে লাইলাতুল কদর, শ'বে মেরাজ, ঈদুল ফিতর ও ঈদুল আজহার জামাত, শরীয়ত মোতাবেক সহীহ কুরবানীর ব্যবস্থা, ঈদে মিলাদুন্নবী, সলিমুল্লাহ এতিমখানা ও আশ্বুমান মফিদুল ইসলামে জাকাত ও ফিতার অর্থ প্রদান, ক্যান্সেলটাউন হসপিটালে দুটি ছাইল চেয়ার প্রদান, প্রাকৃতিক দূয়োগে দেশ ও প্রবাসে অসহায় মানুষের সহায়তা প্রদান সহ বিভিন্ন কর্মসূচীগুলি পালন করে আসছে। অতি অল্প সময়ে এই সংগঠন বৃহত্তর ক্যান্সেলটাউন এলাকায় বসবাসরত বাংলাদেশী কমিউনিটির মধ্যে আস্থা অর্জন করতে পেরেছে। নতুন সভাপতি (এ বৎসরে অঞ্চলিয়ান অব দ্য ইয়ারের জন্য নোমিনি) জনাব মোফাজ্জল হোসেন ভূঁইয়া স্বাগত বক্তব্যে বর্তমান ও নতুন প্রজন্মদের জন্য একটি মসজিদ ভিত্তিক ইসলামিক সেন্টার কমপ্লেক্স তৈরীর জন্য ক্রয়কৃত জমির বাকী অর্থ দ্রুত পরিশোধের নিমিত্তে কমিউনিটির বিভিন্ন স্তর থেকে আন্তরিক সহযোগিতা ও সাহায্য কামনা করেছেন। সকলের আন্তরিক সামর্থ ও সহযোগিতা ব্যতীত সেন্টার কমপ্লেক্স প্রতিষ্ঠা করা অসম্ভব। সবশেষে তিনি কমপ্লেক্স বাস্তবায়নের জন্য আল্লাহর দরবারে মোনাজাত করেন।





